

মুক্তিযোদ্ধাকে

ফজল শাহাবুদ্দীন

এদেশে পাখিরা আর গায়না তো গান পুষ্পরাশি
আন্দোলিত হয় না বাতাসে
নদীর তরঙ্গে নেই কল্লোলিত স্বদেশের বাঁশি
মায়ের বিধ্বস্ত শব পড়ে আছে ঘাসে
অপার স্নেহের শিখা প্রসারিত এই মাতৃভূমি
রক্তমাখা অঙ্ককারে ঢাকা
রক্ত ঝরে বাংলাদেশে মৃত্যু থেকে জন্ম নিলে তুমি
হাতে নাও তোমার পতাকা
সুতীক্ষ্ণ অস্ত্রের মতো ভয়ংকর দুরন্ত দুর্বীর
এ আঁধার করো ছিন্নভিন্ন
ভাষাও তোমার ভেলা রক্তস্রোতে, মৃত্যু নেই আর
জন্মদেৱা নিঃশেষ নিশ্চিহ্ন।